

3 (Sem-1) BEN (MIL) (B.U.)

2018

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

নিম্নলিখিত প্রশ্নসমূহ থেকে শুধুমাত্র ক — বিভাগ অথবা
খ — বিভাগ - এর উত্তর করতে হবে।

ক — বিভাগ

১। নির্দেশানুসারে উত্তর করো : 1×৫=৫

(ক) পদ পরিবর্তন করো (যে কোন পাঁচটি) :

আদি, চন্দ্র, পিশাচ, ভূমি, উপকার, তেজ, মায়া।

(খ) নির্দেশানুসারে বাক্য পরিবর্তন করো (যে কোন পাঁচটি) : ১×৫=৫

I. রীতা আনন্দে আত্মহারা হয়ে গেল। (জটিল বাক্য)

II. রাম আজ বিদ্যালয় যাবে না। (অস্ত্যর্থক বাক্য)

III. সৎপথে থাকলে জীবনে সুখী হওয়া যায়। (প্রশ্নবোধক বাক্য)

IV. যারা সাধু মানুষ তাঁদের সম্মান করবে। (সরল বাক্য)

V. উদ্যোগী পুরুষরাই উন্নতি করতে পারে। (যৌগিক বাক্যে)

VI. এমন সোজা অঙ্কটাও করতে পারলে না? (উচ্ছ্বাসাত্মক বাক্যে)

২। নিম্নলিখিত বাগ্‌বিধিগুলোর অর্থ লেখো ও বাক্য রচনা করো

(যে কোন পাঁচটি):

২×৫=১০

অর্ধচন্দ্র প্রদান, হাঁচরে পাকা, কলুর বলদ, গোড়ায় গলদ, চোখের বালি, পুকুরচুরি, শাঁখের করাত।

৩। দৃষ্টান্তসহ সংজ্ঞা লেখো (যে কোন দুটি):

৫×২=১০

যৌগিক বাক্য, জটিল বাক্য, অনুজ্ঞাবাচক বাক্য।

৪। বাণিজ্যিক পরিভাষা লেখো (যে কোন দশটি):

১×১০=১০

Debenture, Fixed Capital, Treasurer, Affidavit, Agenda, Bonus, Gratuity, Lien, Provident Fund, Stock Exchange, Power of Attorney, Tender.

৫। পত্র রচনা করো:

১০

(ক) পরীক্ষায় সাফল্যের সংবাদ জানিয়ে বাবার কাছে পত্র প্রেরণ।

অথবা

মহাবিদ্যালয়ে অনুপস্থিতির জন্যে অধ্যক্ষের কাছে আবেদন।

(খ) সংবাদপত্রে বিজ্ঞাপিত চাকুরীর জন্য দরখাস্ত।

১০

অথবা

দাদা / দিদির বিবাহ উপলক্ষে আমন্ত্রণ পত্র।

খ — বিভাগ

১। নির্দেশানুসারে উত্তর দাও :

১×৭=৭

(ক) অর্থ লেখো : রমা অথবা অমরা।

(খ) 'বিষ্ণুহোড়ু' - কার নাম ?

(গ) 'নবদ্বীপে পড়িলে সে ——— পায়।।'

শূন্যস্থানে পূর্ণ করো।

(ঘ) 'মেঘনাদ ও বিভীষণ' কবিতাটি কোন কাব্য গ্রন্থের অন্তর্গত ?

(ঙ) 'তমালের নীলছায়া বাংলার অপরূপ ———।'

— শূন্যস্থানে পূর্ণ করো।

(চ) বেছলা কার নরম গান শুনেছিলো ?

(ছ) 'লহনা' কে ?

২। নির্দেশানুসারে উত্তর দাও :

২×৪=৮

(ক) 'কহিব কিঞ্চিৎ নীতি করহ শ্রবণ।।'

— কে, কাকে বলেছেন ?

(খ) 'গুরুজন তুমি

পিতৃতুল্য।'

— কে, কাকে বলেছেন?

(গ) এখানে 'আকাশ নীল' - কবিতায় উল্লিখিত চণ্ডীমঙ্গলের যে কেন দুটি চরিত্রের নাম লেখো।

(ঘ) 'আকাশে সাতটি তারা' - কবিতায় উল্লিখিত দু'ধরণের মাছের নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোন তিনটি): ৫×৩=১৫

(ক) 'ফেলিয়া রাখিবে যদি হয় মন্দ কাজ।'

- কে, কাকে উদ্দেশ্য করে উক্তিটি করেছিলেন? 'মন্দ কাজ' কেন ফেলে রাখতে বলেছেন লেখো।

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"স্বচ্ছ সরোবরে

করে কেলি রাজহংস পঙ্কজ কাননে,

যায় কি সে কভু, প্রভু, পঙ্কিল সলিলে,

শৈবালদলের দাম?"

(গ) 'ফাঁকি' কবিতায় বিলাসপুর ইন্সটেশনের ঘটনাটি সংক্ষেপে লেখো।

(ঘ) 'বাংলা মুখ আমি দেখিয়াছি' - কবিতায় কবি কেন পৃথিবীর রূপ খুঁজতে যেতে চান না লেখো।

(ঙ) 'কামরাঙা-লাল মেঘ যেন মৃত মনিয়ার মতো গঙ্গাসাগরের ঢেউয়ে ডুবে গেছে - আসিয়াছে শান্ত অনুগত বাংলার নীল সন্ধ্যা-।' - তাৎপর্য বিশ্লেষণ করো।

৪। "চণ্ডীর চরণে মনসা" কবিতাটির সারমর্ম তোমার নিজের ভাষায় বর্ণনা করো। ১০

অথবা

চৈতন্যদেবের আবির্ভাবের পূর্বে নবদ্বীপের ধর্মীয়, সামাজিক ও অর্থনৈতিক অবস্থা কেমন ছিল 'নবদ্বীপ' কবিতার অনুসরণে আলোচনা করো।

৫। 'ফাঁকি' কবিতায় বিনুর স্বামী বিনুকে কিভাবে ফাঁকি দিয়েছিলেন? এর পরিণামে কি হয়েছিল লেখো। ১০

অথবা

'হরিহোড়ের বৃত্তান্ত' কবিতা অবলম্বনে হরিহোড়ের দুঃখী জীবনের অবসান কিভাবে হয়েছিল, - বিশ্লেষণ করো।

৬। "আবার আসিব ফিরে" কবিতাটির অন্তর্নিহিত ভাববস্তুর পরিচয় দাও। ১০

অথবা

'গোলপাতা ছাউনির বুক চুমে' কবিতাটির বিষয়বস্তু সংক্ষেপে লেখো।
